

জরুরি পরিস্থিতিতে স্কুল ছুটির প্রক্রিয়া

সেপ্টেম্বর ২০১৪

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন খারাপ আবহাওয়ার দিনে স্কুল খোলা রাখার সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখবে। সিটিজুড়ে জরুরি অবস্থা বা বড় ধরনের ঝড়-তুফানের দিন স্কুল যদি খোলা থাকে, তখন ভ্রমণে নিশ্চিতভাবে সময় বেশি লাগবে ও স্কুলে যেতে আসতে বিলম্ব হবে, সে কথা বিবেচনা করে সন্তানদেরকে স্কুলে যেতে অনুমোদন দেবেন কি-না, সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে পিতামাতাদেরকে তাদের বিবেচনাবোধ ব্যবহার করতে হবে। সিটিজুড়ে কোন জরুরি অবস্থা বা বড় ধরনের ঝড়-তুফানের কি ব্যবস্থা গ্রহণ করা হবে, সে ব্যাপারে একটি নিয়ম থাকা আবশ্যিক। নিচে ব্যাখ্যা করা পদ্ধতিসমূহের উদ্দেশ্য শিক্ষার্থী, পিতামাতা ও কর্মচারীদের কাছে এর একটি রূপরেখা প্রদান করা। এই স্মারকটি পুনরায় প্রচার করে চ্যান্সেলর ও ডেপুটি চ্যান্সেলর অব অপারেশন্স কর্তৃক সিটিভিত্তিক স্কুল বন্ধের ঘোষণা দেওয়ার কর্তৃত্ব নিশ্চিত করা হচ্ছে এবং বাধ্যবাধকতা ও প্রত্যাশা, শিক্ষার্থী পরিবহনের উপর প্রভাব, এবং সেন্ট্রাল অফিসসমূহের দায়-দায়িত্বের তথ্য প্রচারের সাথে সংশ্লিষ্ট রূপরেখা প্রদান করছে। সকল স্কুলকে অবশ্যই সিটিভিত্তিক স্কুল বন্ধ ঘোষণা মেনে চলতে হবে। কোন স্কুলই চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলরের অনুমোদন ছাড়া স্কুল বিলম্ব খুলতে, শিক্ষার্থীদের আগে ছুটি দিতে, কিংবা দিনটির জন্য স্কুল বন্ধ করতে পারবে না।

সিটিভিত্তিক স্কুল বন্ধের ঘোষণা

খারাপ আবহাওয়া বা সিটিব্যাপী অন্য কোন জরুরি অবস্থায় স্কুল বন্ধ রাখার (আফটার স্কুল কর্মকাণ্ডসহ) ব্যাপারে চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর অপারেশন্স মেয়রের অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিস, ওয়েদার ব্যুরো, সিটি স্যানিটেশন ডিপার্টমেন্ট, সিটি ট্রানজিট অথরিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে সিটিভিত্তিক স্কুল বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করবেন। সংশ্লিষ্ট দিনে সিটিভিত্তিক সিদ্ধান্ত সকাল ৫টা থেকে যতো শীঘ্র সম্ভব গ্রহণ করা হবে।

ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) অফিস অব কমিউনিকেশন্স অ্যান্ড মিডিয়া রিলেশন্স সকাল ৫:০০টার পূর্বে যত তাড়াতাড়ি সম্ভব অ্যাসোসিয়েটেড প্রেস-এর ওয়ার সার্ভিস এবং রেডিও ও টেলিভিশন সার্ভিসকে অবহিত করবে। সংশ্লিষ্ট সকল তথ্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইট (<http://schools.nyc.gov>), এছাড়াও ডিওই-এর সামাজিক যোগাযোগ মাধ্যম <https://twitter.com/nycschools> এবং <https://facebook.com/NYCschools>-এ পোস্ট করাও হবে। স্কুলের কর্মচারী ও পিতামাতাদেরকে ডিওই ওয়েবসাইট দেখতে, স্থানীয় রেডিও ও টেলিভিশন স্টেশনের সংবাদ শুনতে কিংবা 311 নম্বরে ফোন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলরের স্কুল বন্ধের ঘোষণা দেওয়ার সকল ক্ষেত্রে, অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশন কোন কর্মকাণ্ড বাতিল হলে সে ব্যাপারে বাস কোম্পানিগুলোকে নির্দেশনা প্রদান করবে। যেহেতু চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর অব অপারেশন্স-এর কোন অধিকার নেই বেসরকারি স্কুল বন্ধ করার, তবে বেসরকারি স্কুলে সিটিপ্রদত্ত পরিবহন চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলরের সিদ্ধান্ত মেনে চলবে।

সিটিব্যাপী অনুমোদিত স্কুল বন্ধের সকল ক্ষেত্রে নিম্নলিখিত কর্মসূচিগুলো বাতিল হবে এবং সরকারি স্কুল ব্যবস্থার অর্থায়িত সকল আফটার স্কুল সার্ভিসের কর্মচারীদের স্কুল ছুটি পরবর্তী কর্মকাণ্ডের জন্য উপস্থিত থাকতে হবে না, যদি না চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর অব অপারেশন্স এর বিপরীতে অন্য ঘোষণা না দেন: সকল ফিল্ড ট্রিপ; সকল আফটার স্কুল প্রোগ্রাম (কমিউনিটি-বেজড অর্গ্যানাইজেশনের সাইটে সকল আফটার স্কুল কর্মকাণ্ডে যাতায়াত সুবিধাসহ পাবলিক স্কুলের অভ্যন্তরে কমিউনিটি-বেজড অর্গ্যানাইজেশনের আফটার স্কুল কর্মসূচি), সকল পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (পিএসএএল) এবং স্মল স্কুল অ্যাথলেটিক লিগ (এসএসএএল) প্রোগ্রাম, সকল অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউইং এডুকেশন ক্লাস, সকল ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার এবং সকল সাক্ষ্য জিইডি কর্মসূচি।

সেন্ট্রাল অফিস: চ্যান্সেলর বা ডেপুটি চ্যান্সেলর অব অপারেশন্স যদি অন্য কোন নির্দেশনা না দেন (মারাত্মক জরুরি পরিস্থিতির ক্ষেত্রে যা হতে পারে), তাহলে সিটিব্যাপী জরুরি অবস্থা বা বড় ধরনের ঝড়-তুফানের জন্য যখন বন্ধ রাখা অনুমোদিত হবে, তখন সকল কর্মচারীদেরকে পিতামাতা ও অন্যান্যদেরকে প্রয়োজনীয় তথ্য প্রদানে যেমন নিযুক্ত থাকবেন, তেমনি সকল সেন্ট্রাল অফিস, এবং ডিস্ট্রিক্ট ৭৫ ও ৭৯ অফিসসমূহকে অবশ্যই দিনের নিয়মিত কার্যকালব্যাপী খোলা থাকতে হবে।

আফটার স্কুল কর্মকাণ্ড বাতিল

সিটিব্যাপী খারাপ আবহাওয়ার কারণে বা নিয়মিত কর্মসূচি অনুযায়ী স্কুল চলাকালে আবহাওয়া খারাপ হয়ে গেলে, সকল আফটার স্কুল কর্মকাণ্ড, পিএসএএল ও এসএসএএল কর্মসূচি বন্ধ করে দেওয়ার ঘোষণা দিতে পারেন।

প্রশ্ন

পিতামাতা ও কর্মচারীগণকে এসব প্রক্রিয়া বাস্তবায়ন সম্পর্কিত সকল প্রশ্ন তাদের প্রিন্সিপ্যালকে জানাতে হবে। প্রিন্সিপ্যালগণ বাড়তি সহায়তার জন্য তাদের সুপারিনটেনডেন্ট-এর সাথে যোগাযোগ করতে পারেন।